



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/18/2022

গভর্নর ক্যাথি হোকল

**মুডি'স ইনভেস্টর্স সার্ভিস নিউ ইয়র্ক স্টেটের ক্রেডিট রেটিং আপগ্রেড করেছে বলে
গভর্নর হোকলের ঘোষণা**

**রেটিং আপগ্রেডের ক্ষেত্রে 'সাবলীল আর্থিক ব্যবস্থাপনা' এবং পাঁচ বছর মেয়াদী আর্থিক
পরিকল্পনার দায়িত্বশীলতার কথা উল্লেখ করা হয়েছে**

**মুডি'স ইনভেস্টর্স সার্ভিস নিউ ইয়র্ক স্টেটের ইস্যুকারী এবং আরো অন্যান্য রেটিং Aa2
থেকে Aa1 এ আপডেট করেছে**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সম্প্রতি মুডি'স ইনভেস্টর্স সার্ভিস (Moody's Investors Service) নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন ক্রেডিট রেটিং আপগ্রেড করেছে, যার মধ্যে নিউ ইয়র্কের ইস্যুকারী রেটিং এবং সাধারণ দায়িত্ব পালন, ব্যক্তিগত আয়কর রাজস্ব ও বিক্রয় কর রাজস্ব বন্ড সম্পর্কিত রেটিং Aa2 থেকে Aa1 এ উন্নীত করাও অন্তর্ভুক্ত রয়েছে। এই রেটিং আপগ্রেডের ন্যায্যতা জানান দিতে গিয়ে, মুডি'স নিউ ইয়র্ক স্টেটের "সাবলীল আর্থিক ব্যবস্থাপনার কথা উল্লেখ করেছে যার ফলে স্টেটের পাঁচ বছর মেয়াদী আর্থিক পরিকল্পনার মাধ্যমে ভারসাম্যপূর্ণ এবং প্রায় [ভারসাম্যপূর্ণ] বাজেটসমূহ উঠে এসেছে।"

"আমাদের আগের চেয়ে আরো বেশি শক্তিশালী হয়ে বেড়ে উঠার এই সময়ে এসব উন্নয়ন নিউ ইয়র্কের আর্থিক ব্যবস্থাপনার সামর্থ্যকে প্রমাণ করেছে," বলেছেন **গভর্নর হোকল**। "মুডি'স নিউ ইয়র্কের 'সাবলীল আর্থিক ব্যবস্থাপনা'-এর কথা উল্লেখ করেছে, এবং এটি আমাদের রিজার্ভ গড়ে তোলে এবং দায়বদ্ধতা কমিয়ে আনে এমন একটি আর্থিক দায়িত্বপূর্ণ বাজেট প্রণয়নের ক্ষেত্রে আমার প্রশাসনের সাফল্যের মান নিশ্চিত করেছে। আমরা এই কোভিড মহামারির ফলে তৈরি হওয়া আর্থিক অনিশ্চয়তা তদারকি করা অব্যাহত রাখবো, এবং ভবিষ্যত প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অধিকতর উজ্জ্বল ভবিষ্যত তৈরি করতে সাহসী, দায়িত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা অব্যাহত রাখবো।"

সাম্প্রতিক [একটি রিপোর্টে](#), মুডি'স লিখেছে "স্টেটের অর্থনৈতিক ও রাজস্ব কাঠামোর মধ্যকার অন্তর্নিহিত পরিবর্তনশীলতা মোকাবেলার জন্য একটি আর্থিক বাফারের প্রয়োজন উপলব্ধি করার মাধ্যমে, এটি সেসব সংস্থানের মধ্যে কিছু সংস্থান রিজার্ভ সম্প্রসারণের জন্য বরাদ্দ করেছে, নির্দিষ্ট কিছু দায়বদ্ধতা কমানোর জন্য কাজে লাগিয়েছে, যেমন পেনশনে অবদান রাখা

স্থগিত করা, ও ঝুঁকি কমানো... এসব পদক্ষেপ এই আপগ্রেডের কারণ হিসেবে শক্তিশালী শাসনকার্যের ভূমিকার প্রতি নির্দেশ করে।"

গভর্নর হোকলের প্রশাসন কোভিড মহামারি চলাকালীন সময়ে একটি নজিরবিহীন ও জটিল আর্থিক পরিবেশ নিয়ন্ত্রণ করতে সফল হয়েছে।

2020 সালের এপ্রিল মাসে, প্রণীত বাজেটের আর্থিক পরিকল্পনায় বছর-শেষে বাজেট ঘাটতির পরিমাণ ছিল গড়ে বার্ষিক 16.5 বিলিয়ন ডলার। জানুয়ারি মাসে জারিকৃত এবং ফেব্রুয়ারি মাসে সংশোধিত সর্বশেষ প্রণীত আর্থিক পরিকল্পনায় কোনো বছরের জন্য কোনো ঘাটতি দেখা যায়নি, এবং একই সাথে প্রথম বারের মতো রিজার্ভের পরিমাণ ক্রমশ বৃদ্ধি পেতে দেখা গেছে, যা 2025 অর্থবছরে স্টেটের কার্যপরিচালনা তহবিলের 15% হবে, এটি একটি স্ট্যান্ডার্ড যা অর্থনীতিবিদদের মতে ভবিষ্যতের অনাকাঙ্ক্ষিত জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য একটি প্রমিত পরিমাণ হিসেবে ব্যাপকভাবে বিবেচিত। বর্তমানে প্রধান রিজার্ভের পরিমাণ মহামারী শুরু হওয়ার সময়ের তুলনায় 2.7 গুণ বেশি।

2023 অর্থবছরের প্রণীত বাজেটে গভর্নর হোকল কর্তৃক প্রস্তাবিত নির্বাহী বাজেটে সুপারিশকৃত সকল প্রধান রিজার্ভ ডিপোজিট বজায় রাখা হয়েছে। আর্থিক পরিকল্পনার সময়কালে (2022 অর্থবছর - 2025 অর্থবছর) মোট রিজার্ভ ডিপোজিটের পরিমাণ দাঁড়াবে 15.3 বিলিয়ন ডলার।

এছাড়াও স্টেট আর্থিকভাবে দায়িত্বপূর্ণ উপায়ে এককালীন ফেডারেল তহবিলসমূহ নিয়ে আসতেও সক্ষম হয়েছে। এককালীন, অ-পুনরাবৃত্ত বিনিয়োগের জন্য ব্যয় করার প্রতি মনোযোগী হওয়া ছাড়াও হোকল প্রশাসন "আর্থিক চরম অবনতি" এড়ানোর জন্য চার বছর সময়কালে আমেরিকান রেসকিউ প্ল্যানের (American Rescue Plan) অধীনে ব্যবহার করার জন্য 12.75 বিলিয়ন ডলার বরাদ্দ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418